ছাত্র-জনতার আন্দোলনে গুলীবিদ্ধ ও আহতদের পাশে মিজান চৌধুরী

চেম্বার ডেস্ক: বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে ছাত্র-জনতার স্বৈরাচারবিরোধী আন্দোলনে পুলিশ ও ছাত্রলীগ সন্ত্রাসীদের হামলায় গুলিবিদ্ধ ও আহত ছাত্র-জনতার পাশে দাঁড়িয়েছেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য মোঃ মিজানুর রহমান চৌধুরী মিজান।

শনিবার (১০ আগস্ট) আহতদের দেখতে ছাতক উপজেলার বিভিন্ন গ্রামে তাদের বাড়িতে যান তিনি। দিনভর বিগত গণআন্দোলনে অংশগ্রহণকারী গুলিবিদ্ধ এমসি কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের ছাত্র ছাতক উপজেলার বরাংপার গ্রামের আহসান হাবীব (২২), সিলেট চৌহাট্টায় গুলিবিদ্ধ ছাতকের মৈশাপুর গ্রামের একাদশ এইচএসসি পরীক্ষার্থী ইয়াসিন আলী তালুকদার (১৮), সিলেট চৌহাট্টায় গুলীবিদ্ধ মৈশাপুর গ্রামের এইচএসসি পরীক্ষার্থী সাদিক খান (১৮), সিলেটের বন্দরবাজারে গুলিবিদ্ধ ঘিলাছড়া গ্রামের উকিল আলী, সিলেট চৌহাট্টায় গুলিবিদ্ধ মৈশাপুর গ্রামের লিডিং ইউনিভার্সিটির অনার্স দ্বিতীয় বর্ষের ছাত্র সুয়েব আহমদ, চৌহাট্টায় গুলিবিদ্ধ মৈশাপুর গ্রামের এইচ এসসি পরিক্ষার্থী সামি আহমদের বাড়ীতে যান।

তিনি তাদেও শারীরিক অবস্থা ও চিকিৎসার খোঁজখবর নেন এবং দলের পক্ষ থেকে চিকিৎসার সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে বলে পরিবারকে আশ^স্ত করেন। এসময় তিনি আন্দোলনে নিহতদের রুহের মাগফেরাত ও আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন।
তিনি বলেন, ফ্যাসিস্ট হাসিনা সরকারকে বিদায় করতে ছাত্রজনতার মহান ত্যাগ জাতি শ্রদ্ধার সাথে স্মরণ করবে। ছাতক ও দোয়ারাবাজার উপজেলার অনেক দলীয় নেতাকর্মী সিলেটে পুলিশের গুলী ও ছাত্রলীগ সন্ত্রাসীদের হামলায় গুরুতর আহত হয়েছেন। অনেকেই চিকিৎসা নিয়ে বাড়ীতে ফিরেছেন। আবার অনেকে এখনো হাসপাতালে চিকিৎসাধিন রয়েছেন। খুনী হাসিনার সকল অপকর্মের বিচার এদেশে নিশ্চিত করা হবে।